



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

১৪৪৫

নং- বামাশিবো/প্রশা/ গাইবান্ধা-১০৩/

তারিখঃ / / ২০১৭খ্রিঃ

বিষয়ঃ তদন্ত পূর্বক প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

তাগিদপত্র

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, গাইবান্ধা জেলার পলাশবাড়ী উপজেলাধীন হরিনাথপুর পশ্চিমপাড়া ড: টি আই এম ফজলে রাকী দাখিল মাদরাসার সুপারের আবেদন এবং কমিটি গঠন সংক্রান্ত কাগজপত্রের ভিত্তিতে গত ১০/০৫/২০১৫খ্রিঃ তারিখে ম্যানেজিং কমিটির অনুমোদন দেয়া হয়।

উক্ত ম্যানেজিং কমিটির সভাপতি ও মাদরাসার সুপারের বিরুদ্ধে প্রতিষ্ঠাতা সদস্য জনাব মোঃ নওয়াব আলী খন্দকার একখানা অভিযোগ দাখিল করেন। অভিযোগপত্রে সুপার কর্তৃক বিভিন্ন অনিয়ম, ভূয়া খসড়া ভোটার তালিকা প্রস্তুত, জালিয়াতির মাধ্যমে কাগজপত্র তৈরি করে ম্যানেজিং কমিটি গঠন, সভাপতি ও সুপার কর্তৃক মাদরাসার ফান্ড হতে অর্থ আত্মসাৎ, নিয়োগ বানিজ্যসহ বিভিন্ন অনিয়মের বিষয়ে উল্লেখ করা হয়েছে (কপি সংযুক্ত)। উল্লিখিত অভিযোগের বিষয়ে সরজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণ করার জন্য অত্র বোর্ড হতে পত্র দেয়া হয়, কিন্তু অদ্যাবধি কোন প্রতিবেদন পাওয়া যায়নি। উল্লেখ্য, ইতোমধ্যে মাদরাসার সুপার পুনরায় ম্যানেজিং কমিটি গঠন পূর্বক অনুমোদনের জন্য কাগজপত্রসহ আবেদন করেছেন (কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থায় উপরিলিখিত অভিযোগ ও মাদরাসার সার্বিক বিষয়ে সরজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্ত : বর্ণনা মোতাবেক..... (.....) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ৯৬১২৮৫৮

প্রাপকঃ উপজেলা নির্বাহী অফিসার, পলাশবাড়ী, গাইবান্ধা।

নং- বামাশিবো/প্রশা/ গাইবান্ধা-১০৩/১৬২১৬

তারিখঃ ২১/৫/২০১৭খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি :

১. জেলা প্রশাসক, গাইবান্ধা।
২. জেলা শিক্ষা অফিসার, গাইবান্ধা।
৩. সভাপতি ম্যানেজিং কমিটি, হরিনাথপুর পশ্চিমপাড়া ড: টি আই এম ফজলে রাকী দাখিল মাদরাসা, পলাশবাড়ী, গাইবান্ধা।
৪. সুপার, হরিনাথপুর পশ্চিমপাড়া ড: টি আই এম ফজলে রাকী দাখিল মাদরাসা, পলাশবাড়ী, গাইবান্ধা।
৫. জনাব মোঃ নওয়াব আলী খন্দকার, প্রতিষ্ঠাতা সদস্য
হরিনাথপুর পশ্চিমপাড়া ড: টি আই এম ফজলে রাকী দাখিল মাদরাসা, পলাশবাড়ী, গাইবান্ধা।
৬. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ৯৬৭৪৮৭৪